

## প্রজ্ঞাপন

তারিখ: ০২ শ্রাবণ, ১৪২৫ বঙ্গাব্দ/১৭ জুলাই, ২০১৮ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ২৩৪-আইন/আয়কর/২০১৮।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, ১০ (দশ) বৎসরের জন্য, “জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট” এর স্থায়ী বা সঞ্চয়ী আমানতের উপর অর্জিত সুদ-আয়কে উক্ত Ordinance এর অধীন আরোপণীয় আয়কর প্রদান হইতে এতদ্বারা অব্যাহতি (exemption) প্রদান করিল, যথা:—

### শর্তসমূহ:

- (ক) এই প্রজ্ঞাপনের সহিত সংশ্লিষ্ট অব্যাহতিপ্রাপ্ত আয় কেবল “জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট” এর জনকল্যাণমূলক কাজে ব্যবহার করিতে হইবে; এবং
- (খ) উক্ত ট্রাস্টকে উক্ত Ordinance এর section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে নিরীক্ষা বিবরণীসহ আয়কর রিটার্ন দাখিল করিতে হইবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

Bangladesh Tax Update

[www.kdroy.com.bd/www.ltr.com.bd](http://www.kdroy.com.bd/www.ltr.com.bd)

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি

সিনিয়র সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ/০৫ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ৩৫৮-আইন/আয়কর/২০১৮।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার এই বিভাগের ০২ শ্রাবণ, ১৪২৫ বঙ্গাব্দ মোতাবেক ১৭ জুলাই, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২৩৪-আইন/আয়কর/২০১৮ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :

উপরি-উক্ত প্রজ্ঞাপনের প্রস্তাবনায় উল্লিখিত স্থায়ী বা সঞ্চয়ী আমানতের উপর অর্জিত সুদ-আয়কে” শব্দগুলির পরিবর্তে “সকল আয়কে” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

Bangladesh Tax Update

[www.kdroy.com.bd/www.ltr.com.bd](http://www.kdroy.com.bd/www.ltr.com.bd)

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি

সিনিয়র সচিব।